



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিএম, প্রধান কার্যালয়
www.bsti.gov.bd
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০৭১.২৩.৯৮৯

১৮২৫

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।

বিষয়: এলসি নং ১৩৩৫২৪০১০০৫৪, তারিখ: ২৪-০১-২০২৪, বিল অব এন্ট্রি নং- সি ৮৭৪১, তারিখ: ১৮-০৪-২০২৪ এর মাধ্যমে সিআপূর হতে আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (পরিমাণ: ৫৪ পিস) ছাড়করণে জন্য সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: .

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের এস আর ও নং ৯২-আইন/২০২২; তারিখ: ২০-০৪-২০২২ মূলে জারীকৃত আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী বিএসটিআই'র বাধ্যতামূলক সিএম লাইসেন্স এর আওতাভুক্ত আমদানিকৃত রেফ্রিজারেটর পণ্য বন্দর হতে খালাস প্রক্রিয়া সহজিকরণের জন্য বিশেষ ক্ষেত্র বিবেচনায় নিম্নবর্ণিত শর্তে সাময়িক ছাড়পত্র প্রদান করা হলো:

শর্তসমূহ:

- সাময়িক ছাড়পত্র ইস্যুর পর আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (৫৪ পিস) পণ্য অনধিক ৩ (তিন) দিনের মধ্যে আমদানিকারকের নিজস্ব ওয়ারহাউজ/গুদামে মালামাল স্থানান্তর পূর্বক বিএসটিআইকে অবহিত করতে হবে।
- বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে উক্ত ওয়ারহাউজ/গুদাম যাচাই করে সিলগালা করবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যু না হওয়া পর্যন্ত মালামাল ১৯০/১, রায়েরদিয়া, উলুখোলা, কালিগঞ্জ, গাজীপুর ওয়ারহাউজ/গুদামে সিলগালা অবস্থায় থাকবে।
- বিএসটিআই কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্বে কোন অবস্থাতেই উক্ত পণ্য বিক্রয়-বিতরণ করা যাবে না।
- বিএসটিআই জমাকৃত নমুনা সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে পরীক্ষণ (Test) করবে। বিএসটিআই'র পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক পাওয়া গেলে উক্ত পণ্যের অনুকূলে চূড়ান্ত ছাড়পত্র প্রদানসহ সিলকৃত ওয়ারহাউজ/গুদাম বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে খুলে দিবে।
- পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক না হলে চূড়ান্ত ছাড়পত্র প্রদান করা হবে না ও কাস্টমস কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে এবং এ মালামাল বিক্রি-বিতরণ করলে বিএসটিআই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- আমদানিকৃত পণ্য বিডিএস অনুযায়ী পরীক্ষণে অকৃতকার্য হলে আমদানিকারক নিজ জিম্মায় বিএসটিআই'র কর্মকর্তাদের উপস্থিতিতে মালামাল ধ্বংস করবে এবং বিএসটিআই'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে একটি প্রতিবেদন তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- উপরোক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে আমদানিকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উক্ত প্রতিষ্ঠানকে ভবিষ্যতে কোনো সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।